Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৯শে কাত্তিক বুধবার ১৩৬৫ ইংরাজী 5th Nov. 1958 | ২৫শ সংখ্যা
১৪ই কাত্তিক ১৮৮০ শকাব্দ

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Serve

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত
জিনিষ যদি চান তা হ'লে

আরতির

## "রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ
দাশনগর, হাওড়া।

লিভর ও পেটের পীড়ায়
কুমারেশ

দূরের মানুষ কাছে হয়
ফটো যদি সঙ্গে রয়
রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৯শে কার্ত্তিক বুধবার সন ১৩৬৫ সাল।

# যাও! তোমার বুদ্ধি নেব না!

—০—

পণ্ডিত জহরলাল নেহরু ভারতের প্রধান মন্ত্রী। স্বাধীনতা আমদানীর সঙ্গে সঙ্গেই তিনি এই গদী পাইয়াছেন। তাঁর এই রাজ-পদ আজ পর্য্যন্ত অটুট আছে। স্বাধীন ভারতের সঙ্গে একই সময়ে স্বাধীন পাকীস্থান মানুষের যমজ সন্তানের তুল্য স্বাধীনতায় যমজ সন্তানের মত আবির্ভূত হইলেও পাকীস্থানের প্রধান মন্ত্রীর পদ একই ব্যক্তি ভোগ করিতে পায় নাই। পাকীস্থানে কত মন্ত্রী হলো, কত মন্ত্রী গেল। খুনও হইয়াছে, দূরীভূতও হইয়াছে। ভারতের প্রধান মন্ত্রী জহরলালজীর এই নিরাপদ স্থায়িত্ব জহরলালের গুণ না ভারতের গুণ? তাহা সুবিচারক ব্যক্তি বলিতে পারে।

বৃন্দাবনে যখন শ্রীকৃষ্ণ "রাধা রাধা" ধ্বনি করিয়া বাঁশী বাজাইতেন সেই বাঁশীর স্বরে যমুনা উজান বহিত ধেনুগণ উর্দ্ধশ্বাসে ছুটিয়া আসিত, গোপিগণ চঞ্চল হইয়া উঠিত। এই যে বংশী-ধ্বনিতে এত কাণ্ড হইত সেটা "রাধা" নামের গুণ না শ্রীকৃষ্ণের বাঁশীর গুণ—এই লইয়া লোকে বলিত—বাঁশীর গুণ না নামের গুণ? জহরলালের ভারত শাসনের এই স্থায়িত্ব জহরলালের শাসন নৈপুণ্য না ভারতবাসীগণের ধৈর্য্য ও সহনশক্তির জন্য? আমাদের মত মোটাবুদ্ধির ছাপাখানার ভূত মনে করে—ইংরেজ ২০০ বৎসরে ভারতে শতকরা ১৫ জন মাত্র আক্ষরিক লোক তৈরী করে যায়। বাকী শতকরা ৮৫ জন বৃন্দাবনের গোপকুলের যথা সর্ব্বস্ব গো-ধেনুর মত বোধশক্তিসম্পন্ন। তাই তাহারা জহরলালের পাণ্ডিত্যে মুগ্ধ হ'য়ে বা মা-ভোটেশ্বরী দেবীর অনুগ্রহে পণ্ডিতজীগত প্রাণ হইয়া যাবতীয় ক্লেশ গোধেনু বৎ সহ্য করিয়া হাম্বা! হাম্বা! (আমিই আছি! আমিই আছি) বলিয়া আনন্দে যা করেন পণ্ডিতজী! যা করেন পণ্ডিতজী বলিয়া সব দুখ হজম করিয়া আসিতেছে।

আমরা পূর্ব্বেই বলিয়াছি—যমজ সন্তানদের একটির যে ব্যাধি হয় অন্যটির সেই ব্যাধি দ্বারা আক্রান্ত হইবার ভয় দেখা দেয়।

বর্ত্তমানে পাকীস্থানের শাসনকার্য্য পল্টনের কর্ত্তার হাতে। নাম তার আয়ুব খাঁ। নামের প্রথম দুটি অক্ষর 'আয়ু'। আমাদের দেশে আয়ুর্ব্বেদ নামে চিকিৎসা শাস্ত্র অনুসারে রোগীর ব্যারাম নিরাময় করা হয়। আয়ুর্ব্বেদে পাচন ও মুষ্টিযোগ প্রয়োগের বিধি আছে। পাচন—গরু চরাইবার সময় রাখাল যে লাঠি ব্যবহার করে তাহাকেও পাচন বলে আর মুষ্টিযোগ বলিলে হাতের মুঠি বাঁধিয়া কীল মারা যায় তাকে ব্যঙ্গ করিয়া মুষ্টিযোগ বলা হয়। আয়ুব খাঁ পাকীস্থানে এই পাচনের গুঁতোর মত গুঁতো ও মুষ্টিযোগের মত কোঁৎকা দিয়া বহু চোর মন্ত্রী ও চোর রাজপুরুষদের উদর হইতে বহু খাদ্যদ্রব্য বাহির করিয়াছেন। প্রাক্তন প্রধান মন্ত্রী ফিরোজ খান নুনের গোলা হইতে ৮৪০০০ মণ গম বাহির হইয়াছে। পাকীস্থানের প্রেসিডেণ্ট (রাষ্ট্রপতি) জেনারেল ইস্কান্দার মির্জ্জা, যিনি সামরিক প্রধান আয়ুব খাঁর হস্তে শাসন ভার অর্পণ করিয়াছিলেন তাঁহাকেই প্রেসিডেণ্টের ক্ষমতাও অর্পণ করিয়া পাকীস্থান ত্যাগ করিয়া সস্ত্রীক লণ্ডনে গিয়া আশ্রয় লইতে হইয়াছে।

ইস্কান্দার মির্জ্জার পদত্যাগের মধ্যে কত যে রহস্য নিহিত আছে তাহা খোদা-তাল্লাই জানেন। তবে তিনি তাঁহার বিবৃতিতে বলিয়াছেন—মাতৃভূমির মঙ্গলার্থে এই পদ জেনারেল আয়ুব খাঁকে অর্পণ করিয়াছেন।

পাকীস্থানে সর্ব্বশ্রেষ্ঠ ব্যক্তি প্রেসিডেণ্ট পদ ত্যাগ করিলেন। ভারতের পশ্চিম বাংলার কংগ্রেসাধিপতি শ্রীঅতুল্য ঘোষকে পাকীস্থানী যমজ ভ্রাতার পদত্যাগ ব্যাধি পাইয়া বসিল। শ্রীঅতুল্য ঘোষের কংগ্রেসী সদস্যগণের সেরা সেরা সদস্যগণ, যাঁহারা তাঁহার সঙ্গে কংগ্রেস ভবন আলো করিয়া থাকিতেন তাঁহাদের ১৮ জন পদত্যাগ করিয়াছেন।

ইস্কান্দার মির্জ্জা যেমন পাকীস্থানে বলিয়াছেন মাতৃভূমির কল্যাণার্থে তাঁর এই ত্যাগ, পশ্চিম বাংলার প্রদেশ কংগ্রেস সভাপতি শ্রীঅতুল্য ঘোষও বলিয়াছেন তিনি পদত্যাগ করিলেও কংগ্রেসের সেবা করিবার বেশী সুযোগ পাইবেন! তাহা হইলে পাকীস্থান ও ভারতের পশ্চিম বাংলার দুই ত্যাগই কল্যাণ কামনার জন্যই।

ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত নেহরু ভারতের জনগণকে পাকীস্থানের বর্ত্তমান অশুভজনক দশা দেখিয়া শিক্ষা লাভ করিয়া হুসিয়ার হইতে বলিয়াছেন। তাঁহার এই পরামর্শ দানে একটি প্রাচীন পল্লী-কাহিনী মনে পড়িল।

এক দুগ্ধ ব্যবসায়ী সদ্য পিতৃহীন গোপনন্দন, মুরুব্বিহীন হইয়া পিতার জীবদ্দশার কর্ম্ম প্রণালী অনুকরণ করিয়া চলিত। সে তার স্বর্গীয় পিতাকে দেখিয়াছে—তিনি যদি এক হাঁড়ি দই কোথাও লইয়া যাইতে হইলে বাঁকের একদিকে দই-এর হাঁড়িটি এবং অন্যদিকে সেই ওজনের ইঁট বা ঢেলা চাপাইয়া ভার-কেন্দ্র সমান করিয়া ঘাড়ে করিয়া লইয়া যাইতেন। ছেলে মানুষ বাপের এই পদ্ধতি অনুকরণ করিয়া এক গ্রাহকের দুই হাঁড়ি দই লইয়া যাইবার সময়ও একদিকে দুইখানি হাঁড়ি ও অন্যদিকে তৎপরিমাণ ওজনের ঢেলা চাপাইয়া লইয়া যাইতেছে।

এক রাজবাড়ীর পাশ দিয়া যাইতে যাইতে রাজার প্রধান নায়েবের সঙ্গে দেখা হইল। তিনি এই অল্প বুদ্ধি গোপনন্দনকে ডবল বোঝা বহিতে দেখিয়া তিরস্কার করিয়া বলিলেন বেটা গোয়ালার পো! ষাট বছর না হ'লে সাবালক হবি না। ডবল বোঝা বইছিস কেন? গোপনন্দন উত্তর করিল—নায়েব বাবু! আমার বাবা এমনি ঢিল চাপিয়ে দই নিয়ে যেতেন। নায়েব বাবু উত্তর দিলেন—তার একখানা হাঁড়ি একদিকে চাপিয়ে অন্যদিকে ঢেলা দিত। তুই বেটা দুখানা হাঁড়ি দুদিকে দিলে তো ঢেলা বইতে বাঁচতিস্। নায়েব বাবুর পরামর্শ শুনে ঢেলা ফেলে দিয়ে দুদিকে দুখানা হাঁড়ি দিয়ে ঘাড়ে নিয়ে দেখলো সত্যি সত্যি অর্দ্ধেক ভার কমে গেল। তখন সে বাঁক নামিয়ে নায়েব বাবুর পায়ে ভূমিষ্ঠ হ'য়ে প্রণাম ক'রে বলে উঠলো—

## জন সংখ্যার বাৎসরিক নমুনা সমীক্ষা

১৯৫৯ সাল হইতে প্রতি বৎসর মার্চ এবং এপ্রিল মাসের মধ্যে এদেশের জন সংখ্যা নির্দ্ধারণের এবং দেশান্তরীদের সম্পর্কে নমুনা সমীক্ষা করা হইবে। জাতীয় নমুনা সমীক্ষা দপ্তরের সহযোগিতায় রাজ্য পরিসংখ্যান দপ্তর যে কোন স্থানের ১ শতাংশ জন সংখ্যার মধ্যে এই সমীক্ষা কার্য্য চালাইবে। এইভাবে যে তথ্য সংগৃহীত হইবে পরিকল্পনা কমিশন উহার ভিত্তিতে উন্নয়ন পরিকল্পনা রচনা করিবেন।

---

## পুলিশের চাকুরিতে তপশীলি উপজাতি নিয়োগ

পুলিশের চাকুরিতে নিয়োগের জন্য তপশীলী উপজাতিদের ক্ষেত্রে ন্যূনতম দৈহিক উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি হইতে কমাইয়া ৫ ফুট ৩ইঞ্চি করা হইয়াছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপদেষ্টা কমিটির এক বৈঠকে গৃহীত এই সিদ্ধান্ত রাজ্য সরকারগণকে জানইয়া দেওয়া হইয়াছে। অন্ধ্র প্রদেশ, বোম্বাই, উড়িষ্যা ও মধ্য প্রদেশে ইতিমধ্যে এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা আহ্বান করা হইয়াছে।

---

## বৃক্ষ হইতে পতনে মৃত্যু

গত ১৭ই কার্তিক সোমবার দ্বিপ্রহরে বাড়ালা গ্রামের শ্রীগণেশ মাঝি নামক একজন যুবক একটা প্রকাণ্ড অশ্বত্থ বৃক্ষের শুকনো ডাল কাটিতে থাকে। ডাল পড়ার সঙ্গে গণেশও প্রায় ৫০ ফুট উচ্চ হইতে মাটিতে পড়িয়া গিয়া অজ্ঞান হইয়া যায়। চিকিৎসার জন্য রঘুনাথগঞ্জ আনার সময় খড়খড়ি নদীর নিকটে তাহার মৃত্যু হয়। সে মজুর খাটিয়া দিনাতিপাত করিত। জ্বালানীর জন্য শুকনো কাঠ সংগ্রহ করিতে গিয়া তাহার জীবনান্ত হইল।

---

## রঘুনাথগঞ্জে চাউলের দর

রঘুনাথগঞ্জ বাজারে নূতন আউস চাউল আছাঁটা ২২॥০ টাকা ও ছাটা ২৩॥০ টাকা মণ দরে বিক্রয় হইতেছে।

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৭ই নভেম্বর ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৭৯ খাং ডিঃ সহস্রাংশুকান্ত আচার্য্য দিং দেং আবুল হোসেন নাবালক পক্ষে অলিমাতা ও ২নং উম্মেতান বিবি দাবি ৯৪ টাকা ৩৪ নঃ পঃ থানা সুতী মৌজে রতনপুর ওরফে ফতেপুর ১১।৩।৶ বিঘা জমির কাত ১২৸৵৯ পাই আঃ ৫০৲ রায়ত স্থিতিবান

৩৭২ খাং ডিঃ গদাধর দাস দেং রজনীকান্ত চৌধুরী দাবি ২১ টাকা ৮৭ নঃ পঃ থানা সুতী মৌজে গোঠা ৮ শতকের কাত ২॥০ আঃ ৫৲ খং ৮০

১৫ মনি ডিঃ পশ্চিম বঙ্গ সরকার দেং ফণিভূষণ রায় দিং দাবি ৩৪ টাকা ৩১ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে চাচণ্ডা জমি ২২ শতক আঃ ১০০৲

১৮ মনি ডিঃ ঐ দেং সমীরণকুমার ভাদুড়ী দিং দাবি ৩৫৭ টাকা ৭৫ নঃ পঃ থানা ঐ মৌজে দুর্গাপুর ৩৩ শতকের কাত ১৸৯ খং ২৯০ রায়ত স্থিতিবান

১৯ মনি ডিঃ ঐ দেং আফসার আলি সিদ্দিকি দিং দাবি ১৭৪ টাকা ৩০ নঃ পঃ থানা ঐ মৌজে ধুস্থরিপাড়া জমি ২-২২ শতক আঃ ১০০৲ খং ৫২৪

২৭ মনি ডিঃ ঐ দেং সেরাজুদ্দিন মুন্সী দিং দাবি ২৭ টাকা ৫৬ নঃ পঃ থানা সুতী মৌজে লোকাইপুর, কাঁদোয়া ২-৪৪ ও ৮৯ শতকের কাত ৫॥০ খং ১৩৬, ৭০৪

৬৪ মনি ডিঃ ঐ দেং আফসার আলি সিদ্দিকী দিং দাবি ৮২২ টাকা ৭৫ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুস্থরিপাড়া জমি ৩৮, ২২, ৪৫, ৪৭, ৪৭, ২৩ শতক খং ৫২৪ রায়ত স্থিতিবান

৬৬ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৯ টাকা ৩৭ নঃ পঃ মৌজাদি ঐ জমি ৩৮, ১৩৯, ২৩ শতক খং ৭১২, ৭৪২, ৭৭৬, ৭৯৯

৬৭ মনি ডিঃ ঐ দেং এজাবুল হোসেন সিদ্দিকী দিং দাবি ১৪৪ টাকা ৬ নঃ পঃ মৌজাদি ঐ ৫০, ৬, ৩৫ শতকের কাত ১॥০, ৸৯ আঃ ৫০৲, ২০৲, ৫০৲ খং ৪১৬, ৭১১, ৭৫৯

১১১ খাং ডিঃ শশীভূষণ সরকার দিং দেং আবদুল সামেদ বিশ্বাস দিং দাবি ১৭ টাকা ২৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাশিয়াডাঙ্গা ৫৪ শতকের কাত ৮৶১০ আঃ ৩৫৲ খং ১৭৮, ১৭৯, ১৮০, ১৮১, ১৮২

১৯৫৮ সালের ডিক্রীজারী

১০৩ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ২১ টাকা ২২ নঃ পঃ থানা সুতী মৌজে হিলোড়া ১-৪৮ শতকের কাত ৮॥৶১০ আঃ ৫৲ খং ৪৮৩

১৬৯ খাং ডিঃ ভোলানাথ সাহা দেং রাধাবল্লভ নাথ দিং দাবি ১২ টাকা ২৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথগঞ্জ ব্যাসবাগিচা ৪ শতকের কাত ২৸০ আঃ ৩৲ স্বত্ব দখলকার

১৭০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১ টাকা ৬২ নঃ পঃ মৌজাদি ঐ ৬ শতকের কাত ৬॥/০ আঃ ৫৲ খং ৪০৮ দখলকার বসত প্রজা চিরস্থায়ী তদুপরিস্থিত পোক্তা বাটী মায় ইট, কাট, তীর, বর্গা ইত্যাদি

১৪৫ খাং ডিঃ অনিলকুমার সেন দিং দেং শরদিন্দু দাস দিং দাবি ১৭ টাকা ৭ নঃ পঃ থানা সুতী মৌজে আলোয়ানী ১-১৮ শতকের কাত ৪॥১০ আঃ ১০৲ রায়ত স্থিতিবান খং ৬৩

১৪৬ খাং ডিঃ ঐ দেং রাজিদ সেখ দিং দাবি ১৬ টাকা ৭৬ নঃ পঃ মৌজাদি ঐ ১-৬২ শতকের কাত ৪।/০ আঃ ১০৲ স্বত্ব ঐ খং ১৯৬

১৬০ খাং ডিঃ বৃন্দাবনবিহারী দত্ত দিং দেং অশ্বিনীকুমার দাস দাবি ১৭ টাকা ৭৬ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জেঠিয়া ১৯ শতকের কাত ৪॥/৮ আঃ ১০৲ অধীনস্থ খং ৮০

১৫৪ খাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং বিষ্ণুচরণ সিংহ রায় দাবি ১৫ টাকা ৪৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে মিঠিপুর ১-৭৯ শতকের কাত ৪॥১০ আঃ ৭৲ খং ৬০৫

১৫৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩২ টাকা ৪৪ নঃ পঃ মৌজাদি ঐ ১৪-৯৩ শতকের কাত ১৭।৭ আঃ ২৫৲ খং ৬০৬

১৫৬ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৫৲ মৌজাদি ঐ ৭-৮৯ শতকের কাত ১১৸/১০ আঃ ২০৲ খং ৬০৯

১৫৭ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০ টাকা ৬৮ নঃ পঃ মৌজাদি ঐ ৬-৬৪ শতকের কাত ১৬৲ আঃ ২০৲ খং ৬১৭

১৫৮ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১ টাকা ২৪ নঃ পঃ মৌজাদি ঐ জমি ৭-২৮ শতক আঃ ১৫৲ খং ৬৪৯

৪৭ খাং ডিঃ বিমলসিংহ কুঠারী দেং ব্রজেন্দ্রমোহন দত্ত দিং দাবি ১৪ টাকা ১৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে তালাই ৭১ শতকের কাত ১৲ আঃ ১০৲ খং ৩৭৩

১৫৯ খাং ডিঃ জিল্লার রহমান মিঞা দিং দেং বিবি হাজরা খাতুন নেসা দিং দাবি ৪৭ টাকা ৪০ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে হিড়কাটী ২-২৩ শতকের কাত ১৩৲ আঃ ২০৲ খং ৭৮

১৫২ খাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং হরিপদ সাহা দাবি ৮৬ টাকা ৫৩ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নূতনগঞ্জ ২-৯৭ শতকের কাত ১৩৷৭ আঃ ৪০৲ খং ৩৭৫ রায়ত স্থিতিবান

৪৭ মনি ডিঃ সেরাজুল ইসলাম নাবালক পক্ষে অলিপিতা তসদ্দক হোসেন মিঞা দেং তারাপদ রায় দাবি ১০৯ টাকা ১১ নঃ পঃ থানা সুতী মৌজে গাম্ভিরা ৩৮ শতকের অর্দ্ধেক আঃ ১৫৲ খং ৪৭৩ ২নং লাট মৌজাদি ঐ ৭৩ শতক আঃ ২০৲ খং ২৪৩

৫৭ মনি ডিঃ কিরীটিমোহন ঘোষ দেং বিভূতি কুনাই দাবি ৭০ টাকা ৬৯ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত বৈদড়া ১৯ শতক আঃ ২০৲ খং ২০১

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৭ই নভেম্বর ১৯৫৮

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৩৯ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং ছেদু মণ্ডল দিং দাবি ২৬৪ টাকা ৬৮ নঃ পঃ থানা ফরাক্কা মৌজে ফরাক্কা ৩২/৩৷০ বিঘা জমির কাত ৪৯৶৯ পাই আঃ ১০০৲ সেটলমেণ্ট হয় নাই

১৫০ খাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং ফণিভূষণ সরকার দিং দাবি ৭২ টাকা ৮১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে সাওরাইল ৭-১ শতকের কাত ৫৬৷/৭ আঃ ৫০৲ খং ২৯৭

১২৪ খাং ডিঃ উমাপদ চৌধুরী দিং দেং সুরেশ মণ্ডল দিং দাবি ৩৭ টাকা ১৯ নঃ পঃ থানা ফরক্কা মৌজে আন্ধুয়া ৩-৭৯ শতকের কাত ৬৶৪ পাই আঃ ১০৲ খং ১০১ অধীনস্থ খং ১০২ রায়ত স্থিতিবান ⅓ অংশ বাদে ⅔ অংশ নিলাম হইবে

১২৫ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২১ টাকা ২৮ নঃ পঃ থানা ঐ মৌজে চণ্ডিপুর ও পুরাণ চণ্ডিপুর ১-৩৭ শতকের কাত ১৫/৩ পাই আঃ ১০৲ চণ্ডিপুর ৪৭নং খং পুরাণ চণ্ডিপুর ১৩৮নং খং রায়ত স্থিতিবান ⅓ অংশ বাদে ⅔ অংশ নিলাম হইবে

১২৭ খাং ডিঃ ঐ দেং সাধুচন্দ্র ঘোষ নাবালক পক্ষে অলিমাতা ও স্বয়ং মানদা ঘোষাণী দাবি ৪০ টাকা ৭২ নঃ পঃ থানা ঐ মৌজে কাশিনগর ও আন্ধুয়া ২-৯৬ শতকের কাত ৬৲ আঃ ২৫৲ খং ৩৮ কাশিনগর খং ৪৩ আন্ধুয়া রায়ত স্থিতিবান

১৯৫৮ সালের ডিক্রীজারী

১ খাং ডিঃ কমলাপৎ তেওয়ারী দেং আবদুল মজিদ সেখ দিং দাবি ৩৫০ টাকা ১৬ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে দস্তুরহাট ১৪-৩৭ শতকের কাত ৫৮৷০ আঃ ২৯০৲ খং ৬০৮ রায়ত স্থিতিবান

৫৪ খাং ডিঃ নন্দকুমার চৌধুরী দেং সেবাইত বীরেন্দ্রনাথ মাহাতা দিং দাবি ১৩৯৬ টাকা ৪১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে খেরুর ২-৫৫ শতকের কাত ২০৷/৪ আঃ ১০০৲ খং ৩১৫ ও ৬৮০ ২নং লাট থানা ঐ মৌজে একরখি ৫-২ শতকের কাত ২২৶৬ আঃ ১০০৲ খং ৬৭৯

৫৫ খাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেং সেরাজুদ্দিন সেখ দিং দাবি ২০ টাকা ৮ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে ফুলসহরী ১-৪৬ শতকের কাত ৬৷৵১০ আঃ ১০৲ খং ১৯৯

৭১ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং হায়াতুন বিবি দাবি ৯৬ টাকা ৫৪ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে খৈরটি ১-২৭ শতকের কাত ৩৷৫ আঃ ৭০৲ খং ৬৮৯

৭৪ খাং ডিঃ ঐ দেং আলতাপ হোসেন নাবালক পক্ষে অলি মাতা লালবান বিবি দাবি ১৬ টাকা ৬৭ নঃ পঃ মৌজাদি ঐ ২-৪৪ শতকের কাত ৭৫/৬ পাই আঃ ১০৲ খং ৬৯

৭৫ খাং ডিঃ ঐ দেং এবারক হোসেন দিং দাবি ২২ টাকা ৮০ নঃ পঃ মৌজাদি ঐ ৪-৩ শতকের কাত ১৩৵২ পাই আঃ ২০৲ খং ৪৪

২১ খাং ডিঃ সাধনকুমার চক্রবর্ত্তী দেং ইউনুস বিশ্বাস দিং দাবি ২৭ টাকা ২০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে কিশমত বুজরুক ফতেপুর ২-৬০ শতকের কাত ১০৵৪ আঃ ২০৲ খং ৩৫ রায়ত স্থিতিবান

২২ খাং ডিঃ বিধুভূষণ চক্রবর্ত্তী দেং ইউনুস মহম্মদ বিশ্বাস দিং দাবি ১৩ টাকা ২০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে পাউলি ৮৩ শতকের কাত ২৵০ আঃ ৫৲ খং ১৯১ রায়ত স্থিতিবান

৭ মনি ডিঃ মৃত্যুঞ্জয় সরকার দেং গোকুলচন্দ্র মণ্ডল দাবি ১১২ টাকা ২২ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে জামালমাটী ১-৮৭ শতকের কাত ৫৫৵১১ আঃ ১৫৲ খং ২৮ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ২০৭ শতকের কাত ১৪৷৶০ আঃ ২০৲ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ১-৭৬ শতকের কাত ৭/১ আঃ ১৫৲ ঐ স্বত্ব ৪নং লাট মৌজাদি ঐ ১৩ শতকের কাত ৪৫৵২ পাই ঐ স্বত্ব

২৪ মনি ডিঃ কানাইলাল ভকত দেং পার্ব্বতী ভক্তানী দাবি ৩২৬ টাকা ৮০ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে পোঁপাড়া ২ শতকের কাত ৫৲ খং ৮৪ রায়ত স্থিতিবান

২৫ মনি ডিঃ চারুচন্দ্র দাস দিং দেং বলরাম রায় স্বর্ণকার দিং দাবি ১৮৯ টাকা ১১ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর /১৫ ধুল জমির কাত ৫৶০ আঃ ৫০৲ খং ২০৫৩

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৫ই ডিসেম্বর ১৯৫৮

১৯৫৮ সালের ডিক্রীজারী

৭২ খাং ডিঃ কামেশ্বরনাথ লালা দেং হরিহর সান্যাল দিং দাবি ২৬ টাকা ৩১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে বুধি ৬-৭৫ শতকের কাত ১৮৫৩ আঃ ১০৲ খং ৩৪

---

নায়েব বাবু ধন্য আপনার বুদ্ধি! অপনি একবার নজর করেই আমার ঘাড়ের অর্দ্ধেক বোঝা কমিয়ে দিলেন! নায়েব বাবু! আপনি রাজবুদ্ধি ধরেন, না জানি কত সম্পত্তি জমি জমা, পুকুর বাগান করেছেন? নায়েব বাবু বল্লেন—নারে বাবা, কিছু করতে পারিনি। ৪টি মেয়ের বিয়েতে দেনা করেছি। গোপনন্দন তখন তার হাঁড়ি দুখানা আবার একদিকে চাপিয়ে অন্যদিকে ঢিল চাপিয়ে ঘাড়ে নিয়ে বলে উঠলো—কেবল পরকে বুদ্ধি দাও! নিজে দেনদার! বাবা মরার পর আমি ১০ বিঘা জমি কিনেছি, ৮টা মহিষ কিনেছি। তুমি বক্তৃতা করতেই পারো, বেটা গোয়াল বলে গালাগালি দিতে পারো! যাও! তোমার বুদ্ধি নেবো না!

---

## ফরাক্কা বাঁধ

গত ৩০শে অক্টোবর মাদ্রাজে জাতীয় বন্দর পর্যদের সম্মেলনে ফরাক্কায় গঙ্গাবাঁধ নির্ম্মাণ পরিকল্পনাকে অগ্রাধিকার দেওয়ার এক সিদ্ধান্ত গৃহীত হয় বলিয়া জানা গিয়াছে। দিন দিন হুগলী নদীতে পলিমাটী জমিবার ফলে কলিকাতা বন্দর ক্রমশঃ বিপন্ন হইয়া পড়িতেছে, তাহার পরিপ্রেক্ষিতে উক্ত পর্যদের পক্ষ হইতে গৃহীত এক প্রস্তাবে গঙ্গাবাঁধ পরিকল্পনাকে অগ্রাধিকার দিবার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট সুপারিশ করা হয়। পশ্চিমবঙ্গের পক্ষ হইতে সেচ মন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় ঐ সম্মেলনে উপস্থিত ছিলেন।

---

## দুর্ঘটনা

বহরমপুরের সংবাদে প্রকাশ-বিগত ২রা কার্ত্তিক সপ্তমী পূজার দিন সকালে বহরমপুরের মোক্তার শ্রীঅবুপ্রকাশ রায় মহাশয়ের দশ বৎসর বয়স্ক পুত্র শ্রীমান্ বরুণকুমার পূজার জন্য চাঁপা ফুল পাড়িবার সময় গাছ হইতে পড়িয়া গিয়া সাংঘাতিকভাবে আহত হয়। হাসপাতালে ভর্ত্তি হওয়ার অল্পক্ষণ মধ্যেই বালকের মৃত্যু হয়।

---

বিগত ১০ই কার্ত্তিক সোমবার বহরমপুরের পোষ্টাল ইন্সপেক্টর স্বর্গীয় কালীপদ মুখোপাধ্যায় মহাশয়ের ১৫ বৎসর বয়স্ক পুত্র শ্রীমান্ জয়দেব ভাগীরথীতে সাঁতার কাটিবার সময় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হইয়া মৃত্যুমুখে পতিত হয়। শ্রীমান্ কৃষ্ণনাথ কলেজ স্কুলের কৃতী ছাত্র ছিল।

---

## সরকারী বিজ্ঞপ্তি

(১) নিম্নলিখিত রুটগুলিতে স্থায়ীভাবে যাত্রিবাহী বাস চালাইবার জন্য যথাবিহিত ফর্ম্মে (অফিস হইতে পাওয়া যাইবে) দরখাস্ত আহ্বান করা হইতেছে—(ক) রাধারঘাট—বেলগ্রাম ভায়া কান্দি রুট একটি পারমিট (খ) ধুলিয়ান—ফরাক্কা রুট—একটি পারমিট (গ) কান্দি—ঝিকারহাটি রুট—একটি পারমিট (ঘ) ধুলিয়ান—নিমতিতা রুট—একটি পারমিট উপরোক্ত রুটগুলির জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট দরখাস্ত প্রেরণ করিবার শেষ দিন ২০শে নভেম্বর, ১৯৫৮। (২) কান্দি—ইন্দ্রানী ভায়া কুলি রুটের পারমিট হোল্ডার—শ্রীওসমান মণ্ডল ঐ রুটে স্থায়ীভাবে অতিরিক্ত আর একবার বাস চালাইবার জন্য আবেদন করিয়াছেন। এই নোটিস প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এই সম্পর্কে কোন আবেদন থাকিলে উহা গৃহীত হইবে। প্রাপ্ত দরখাস্ত এবং আবেদনসমূহ কোন্ সময়ে এবং কোন্ স্থানে বিবেচিত হইবে উহা যথা সময়ে সংশ্লিষ্ট সকলকে জানানো হইবে। যে সকল ব্যক্তি জনসাধারণের ব্যবহার্য যানের পারমিটের জন্য অথবা পারমিট রি-নিউ করিবার জন্য আবেদন করিয়াছেন তাঁহাদের নামের তালিকা মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারীর নোটিস বোর্ডে এবং সে সঙ্গে জেলার প্রত্যন্ত মহকুমাগুলির নোটিস বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এই নোটিস প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে এই সম্পর্কে কোন আবেদন থাকিলে নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক তাহা গৃহীত হইবে। প্রাপ্ত দরখাস্ত এবং আবেদনসমূহ কোন্ সময়ে এবং কোন্ স্থানে বিবেচিত হইবে উহা যথা সময়ে সংশ্লিষ্ট সকলকে জানানো হইবে। (স্বা) এম-এন-পাল, সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ

## সরকারী বিজ্ঞপ্তি

নিম্নলিখিত রুটে বাস চালাইবার জন্য যে সকল আবেদনকারী দরখাস্ত করিয়াছেন তাঁহাদের তালিকা এবং যতদূর সম্ভব বিশদ বিবরণী মুর্শিদাবাদের আঞ্চলিক পরিবহন প্রাধিকারীর নোটিস বোর্ডে এবং সে সঙ্গে জেলার প্রত্যন্ত মহকুমাগুলির নোটিস বোর্ডে টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। (১) বহরমপুর—রাধানগরঘাট ভায়া বেলডাঙ্গা, আমতলা, এবং পাটিকাবাড়ী রুট। (২) গোয়ালজানঘাট—পঞ্চগ্রাম ভায়া খাগড়াঘাট রেল ষ্টেশন, নওদাপাড়া, পালসান্দা এবং নবগ্রাম রুট। (৩) বহরমপুর—পিরোজপুরঘাট ভায়া দৌলতাবাদ, তারতিপুর, ভগীরথপুর এবং স্বরুপপুর রুট। (৪) বহরমপুর—কুশাবেড়িয়াঘাট ভায়া দোমকল রুট। (৫) পঞ্চগ্রাম—লালবাগ, ভায়া নবগ্রাম রুট। (৬) বহরমপুর—যামনাবাদ ভায়া লালবাগ, গোয়াস এবং সুপারিগোলা রুট। (৭) রাধারঘাট—জয়পুর ভায়া গানথলঘাট এবং শেরপুর রুট। এই নোটিস প্রকাশিত হইবার ৩০ দিনের মধ্যে এই সম্পর্কে কোন আবেদন থাকিলে নিম্ন স্বাক্ষরকারী কর্ত্তৃক তাহা গৃহীত হইবে। প্রাপ্ত দরখাস্ত এবং আবেদন সমূহ কোন্ সময়ে এবং কোন্ স্থানে বিবেচিত হইবে উহা যথা সময়ে সংশ্লিষ্ট সকলকে জানানো হইবে। (স্বা) এম-এন-পাল, সচিব, আঞ্চলিক পরিবহন প্রাধিকার, মুর্শিদাবাদ।

---

## জমি বিক্রয়

থানা সুতীর অন্তর্গত রাতুরী মৌজায় (ডাঁই গ্রামে) আনুমানিক ২৫॥০ সাড়ে পচিঁশ বিঘা উৎকৃষ্ট ধানী জমি বিক্রয় হইবে। গ্রাহকগণ নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন। ১৩৬৫, ১৩ই ভাদ্র

শ্রীজগন্নাথ ত্রিবেদী, জেমো নূতনবাটী
পোঃ কান্দি, জেলা মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের

# আমলা কেশ তৈল

(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)

## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৫১৯

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১/০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত